



সম্মিলিত উদ্যোগের আহ্বান
জানান। পাশাপাশি মুক্তিযোদ্ধা
পরিবারের যৌক্তিক দাবিতে
প্রয়োজনীয় সহযোগিতার
আশ্বাস দেন তিনি। সাক্ষাতে
সংগঠনের মূল কমিটি, অঙ্গ ও
সহযোগী সংগঠনের বিভিন্ন
পর্ষায়ের নেতৃবৃন্দ উপস্থিত
ছিলেন।

পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে জাতীয়তাবাদী যুবদলের উপজেলা পৌর শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বিকেলে উপজেলা যুবদলের উদ্যোগে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ সড়কে গিয়ে শেষ হয়। পরে সেখানে পথসভা অনুষ্ঠিত হয়।

সমস্যা ও দুঃখ-দুর্দশায় তিনি সবসময় পাশে দাঁড়ান। সাধারণ নাগরিক বা দলীয় কর্মী-যে কেউ তার দ্বারস্থ হলে তিনি সাধ্যমতো সর্বাঙ্গিক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে জনবান্ধব নেতা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। দলীয় যেকোনো প্রোগ্রামে তিনি সর্বোচ্চ মেধা ও দক্ষতা প্রয়োগ করে দলীয় প্রোগ্রামকে সাফল্যমন্ডিত করেন। শ্রমিক দলের নেতাকর্মীদের তার প্রতি রয়েছে অগাধ বিশ্বাস ভালোবাসা ও সম্মান। তারে ধারাবাহিকতায় উপজেলার ২১ টি ইউনিয়ন ও পৌরসভায় তার রয়েছে বিশাল কর্মী বাহিনী। বিএনপি'র দলীয় নেতৃত্বের ও নির্দেশের প্রতি রয়েছে তার সর্বোচ্চ আনুগত্য ও সম্মান। এ বিষয়ে জাবেদুল ইসলাম জাবেদ বলেন আমি ছাত্র জীবন থেকে বাংলাদেশের তিনবারের প্রধানমন্ত্রী মরহুম বেগম খালেদা জিয়ার আদর্শের পাশাপাশি আমার প্রয়াত বাবার রাজনৈতিক আদর্শকে ধারণ করে আমি দলীয় নেতাকর্মীদের পাশে আমার সর্বোচ্চ ত্যাগ স্বীকার করে থাকতে চাই এবং মানব কল্যাণে আমার যা যা করণীয় আমি তাই করবো ইনশাআল্লাহ। তিনি আরো বলেন মানুষের সেবা করার জন্য একদিন শক্তিশালী প্লাটফর্মের প্রয়োজন তাই মহান আল্লাহ পাক যদি আমাকে সুযোগ দেন আমি জনপ্রতিনিধি হয়ে মানুষের সেবা করতে চাই।



নেতৃত্ব: ছাত্রজীবনেই জাবেদুল ইসলাম জাবেদ ৫ নং ওয়ার্ড ছাত্রদলের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে তার নেতৃত্বগুণের পরিচয় দেন বর্তমান দায়িত্ব ও সাংগঠনিক দক্ষতা: বর্তমানে তিনি উপজেলা বিএনপির যুব বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালনের পাশাপাশি নবীনগর উপজেলা শ্রমিক দলের আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন। সংগঠন পুনর্গঠন: তার বিচক্ষণ ও দূরদর্শী নেতৃত্বে নবীনগরে শ্রমিক দলের নেতাকর্মীদের মাঝে একতা ও অভূতপূর্ব শৃঙ্খলা ফিরে এসেছে। উপজেলা জুড়ে শ্রমিকদের ঐক্যবদ্ধ করা এবং নেতাকর্মীদের মনোবল চাঙ্গা রাখতে তিনি নিরলসভাবে কাজ করে যাচ্ছেন, যা তাকে স্থানীয় রাজনীতিতে এক অপরিহার্য ব্যক্তিত্বে পরিণত করেছে। জনসেবা ও সমাজকল্যাণ: রাজনীতির পাশাপাশি সাধারণ মানুষের যেকোনো

ব্রাহ্মণবাড়িয়া নবীনগরে ৩
অক্টোবর ১১ ঘটিকায় মনোরম
পরিবেশে স্থাপিত অত্যাধুনিক
হাজী শাহাবুদ্দিন মেডিকেল
সেন্টারের উদ্বোধন হয়। প্রধান
অতিথি হিসেবে উপস্থিত থেকে
উদ্বোধন করেন স্থানীয় সংসদ

সদস্য এডভোকেট আব্দুল মান্নান। এ সময় দলীয় নেতাকর্মী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ডাক্তার নার্স এবং স্টাফরা উপস্থিত ছিলেন। এ সময়ে সংসদ সদস্য বলেন এই মেডিকেল সেন্টার নবীনগরের

সাধারণ জনগণের চিকিৎসা
সেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা
রাখবে, এবং সেবা গ্ৰহীতারা
উন্নত মানের শতভাগ নির্ভুল
চিকিৎসা সেবা পাবে বলে তিনি
আশাবাদ ব্যক্ত করেন।

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর
উপজেলার খাগাতুয়া গ্রামে
হামলায় গুরুতর আহত মো.
ইকবাল (৪০) মারা গেছেন।
গতকাল মঙ্গলবার সন্ধ্যায়
কুমিল্লার দেবিদ্বারের একটি
হাসপাতালে চিকিৎসাধীন
অবস্থায় তাঁর মৃত্যু হয়। তাঁর
মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পর
এলাকায় উত্তেজনা দেখা
দিয়েছে। ইকবাল খাগাতুয়া
গ্রামের উত্তরপাড়ার বাসিন্দা।
স্থানীয় সূত্রে জানা গেছে,
সোমবার দিবাগত রাত সাড়ে
১২টার দিকে গ্রামের ভোরের
বাজার এলাকায় তাঁকে মারধর
করা হয়। এতে তিনি গুরুতর
আহত হন। স্থানীয় লোকজন

তাকে উদ্ধার করে প্রথমে বাঙ্গুরামপুরে নিয়ে চিকিৎসা দেন। পরে অবস্থার অবনতি হলে তাকে কুমিল্লার দেবিদ্বারের একটি হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাবীন অবস্থায় গতকাল সন্ধ্যায় তাঁর মৃত্যু হয়। স্থানীয় কয়েকজনের অভিযোগ, পূর্ববিরোধের জেরে ইকবালের ওপর হামলা করা হয়। তাঁরা একই গ্রামের আলম, হালিম ও সাদামের বিরুদ্ধে হামলায় জড়িত থাকার অভিযোগ করেছেন। তবে এ অভিযোগের বিষয়ে অভিযুক্তদের কোন বক্তব্য পাওয়া যায়নি। নবীনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)

মোরশেদুল আলম চৌধুরী বলেন, তাঁরা ইকবালের ওপর হামলা ও মৃত্যুর খবর পেয়েছেন। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তবে এ ঘটনায় এখন পর্যন্ত থানায় কোনো অভিযোগ দেওয়া হয়নি। হামলায় কারা জড়িত এবং ঘটনার কারণ কী, তা তদন্ত করে দেখা হচ্ছে। ইকবালের মৃত্যুর পর খাগাতুয়া এলাকায় উদ্ভেজনা বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ সতর্ক অবস্থানে রয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে।